গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ
বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

বিষয়: আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ জিয়াউল আহসান, পরিচালক (প্রাশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখঃ ২৬.১০.২০২২ খ্রি:; সভার সময়ঃ বেলা ৩:০০ ঘটিকা।

সভার স্থানঃ জুম প্লাটফরম

২। সভায় উপস্থিতি: স্ক্রীন সট

সভাপতি সভায় জুম প্লাটফরমে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উপস্থাপন করেন ।

৩। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | উপপরিচালক (প্রশি. ও উন্ন.) ও ফোকাল পয়েন্ট, এনআইএস অত্র অধিদপ্তরের আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই-এর অধ্যক্ষগণ ২০২২-২৩ অর্থ বছরের জন্য APA স্বাক্ষর করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক APA-তে অন্তর্ভুক্ত রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। প্রতিক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সুনির্দিষ্ট করা আছে। সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করার মাধ্যমে সুদ্ধাচার কৌশলের সঠিক বাস্তবায়ন সম্ভব নয়। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় বর্ণিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করা প্রয়োজন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় বর্ণিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে। | সকল কর্মকর্তা/ শিক্ষক, মাশিঅ ও অধ্যক্ষ, আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই। |
| ২ | অধ্যক্ষ, বিএমটিটিআই বলেন যে, নৈতিকতা কমিটির চারটি সভার মধ্যে ১ম সভাটি অনুষ্ঠিত হয়েছে এবং মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ, তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই |
| ৩ | সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সততা ও নিষ্ঠার | সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব | সকল কর্মকর্তা/ |

| | | | |
|---|---|---|---|
| | সাথে দায়িত্ব পালন করার জন্য আহবান জানান এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আগত স্টেক হোল্ডারদের সমস্যা সমাধানে আন্তরিক হবার পরমর্শ দেন। | পালন করতে হবে এবং আগত স্টেক হোল্ডারদের সমস্যা সমাধানে আন্তরিক হয়ে কাজ করতে হবে। | শিক্ষক, মাশিঅ ও আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই |
| ৪ | উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) বলেন যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জন্য প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা রয়েছে। তাছাড়া তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই-এর ত্রৈমাসিক মাসিক প্রতিবেদন যথাসময়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন। | ক) ফোকাল পয়েন্ট, এনআইএস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জন্য প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।<br>খ) তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই-এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, এনআইএস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও ফোকাল পয়েন্ট, তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই |

৪। সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২২

মোঃ জিয়াউল আহসান
পরিচালক (প্রশি. ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৯২

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৬.০৬.০০১.১৮-

তারিখ: ১০ কার্তিক ,১৪২৯ / ২৬ অক্টোবর ২০২২

বিতরণ: ( সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই আলিয়া, ঢাকা/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া/সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা,সিলেট/ অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ ও উন্নয়ন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩. উপ-পরিচালক, প্রশাসন/ অর্থ/ প্রশিক্ষণ ও উন্নয়ন,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৪. সহকারী পরিচালক, সকল, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫. পরিদর্শক, সকল, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

সদয় অবগতির জন্য অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ. শিক্ষা মন্ত্রণালয়।
২। যুগ্ম সচিব (প্রশাসন-২ অধিশাখা),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ. শিক্ষা মন্ত্রণালয়।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৬/১০/২০২২

মোহাম্মাদ জাহাঙ্গীর আলম
উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন-৪১০৩০১৬৫
ddtraining.dme@gmail.com